সংবাদ

022

তারিখ ৪।৩।৮১

পৃষ্ঠা ... কলাম ...

465

# কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ সমীপে

চলতি বৎসরে কুমিল্লা বোর্ডের এইচ.এস.সি পরীক্ষা ১৬ই এপ্রিল অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিছুদিন পূর্বে পত্রিকায় প্রকাশিত এক সংবাদে দেখতে পেলাম যে ১৯৮১ সনের এইচ.এস.সি. পরীক্ষা ২১শে মে অনুষ্ঠিত হবে। কিন্তু এতে বোর্ডের কোন নাম উল্লেখ করা হয়নি। তারপর অন্য একটি পত্রিকায় দেখা গেল ঢাকা বোর্ডের পরীক্ষার তারিখ ২১শে মে ঘোষণা করা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার নির্দিষ্ট কোন তারিখ ঘোষণা করেননি এবং কলেজে কোন সার্কুলার আসেনি। কোনকোন মহলের মতে পরীক্ষা ২১শে মে আবার কোন কোন মহলের মতে ১৬ই এপ্রিল অনুষ্ঠিত হবে। পরীক্ষার নির্দিষ্ট কোন তারিখ না পাওয়ায় পরীক্ষার্থীদের মনে বড়ই বিভ্রান্তির সৃষ্টি হয়েছে এবং আমরা খুবই উদ্বেগের মধ্যে দিনযাপন করছি। কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষের কাছে সঠিক তারিখ চাই।

—দেওয়ান হোসেন জিলন ও এবাদুর রহমান (এবাদ), এইচ.এস.সি. পরীক্ষার্থী বিয়ানী বাজার ডিগ্রী কলেজ, সিলেট।

...রিক্ত প্রতিযোগিতায় জনৈক প্রতিযোগীকে অনুষ্ঠানের পরিচালক ফজলে লোহানী সাহেব প্রশ্ন করেন "বাংলাদেশে কয়টি কৃষি কলেজ আছে?" উত্তরে প্রতিযোগী বলেন ১টি কৃষি কলেজ। কিন্তু আমাদের জানা মতে বাংলাদেশে ২টি কৃষি কলেজ আছে। ১টি বাংলাদেশ কৃষি কলেজ অপরটি পটুয়াখালী কৃষি কলেজ; পটুয়াখালীতে অবস্থিত। তাই আমাদের প্রশ্ন "যদি কিছু মনে না করেন"-এর মত অনুষ্ঠানে কিভাবে এমনি ভুল তথ্য পরিবেশন করা হলো? লোহানী সাহেব সবার ভুল-ভ্রান্তি ধরিয়ে দেন এবং সমালোচনা করেন তাই তিনি কিভাবে নিজেই ভুল তথ্য পরিবেশন করলেন?

সমীর রঞ্জন সিকদার, ১ম বর্ষ কৃষি স্নাতক (সম্মান) ৩১৯ ডিগ্রী ছাত্রাবাস পটুয়াখালী কৃষি কলেজ।